

'বইবাজার' অনলাইন

বই কেনার ব্যতিক্রমী কার্যক্রম চালু

স্টাফ রিপোর্টার ॥ দেশে এই প্রথম 'বইবাজার' নামে অনলাইনে বই কেনার ব্যতিক্রমী কার্যক্রম চালু হয়েছে। বইবাজার ওয়েবসাইট থেকে বই সম্পর্কে সর্বজনিক বিভিন্ন তথ্য জানার সুযোগই তখন নয়, অনলাইনে বইয়ের অর্ডার দেয়ার ২৪ ঘণ্টার মধ্যে বাড়িতে বই পৌঁছে দেয়ার ব্যবস্থা রয়েছে। 'বইবাজার' ওয়েবসাইট অনলাইনে বই বিক্রির এই ব্যতিক্রমী উদ্যোগ গ্রহণ করেছে আহছানিয়া মিশন বুক ডিস্ট্রিবিউশন হুউস। ওয়েবসাইটের ঠিকানা <www.boibazaar.com>। সম্প্রতি এই কার্যক্রমের উদ্বোধন করেন যুক্তরাজ্যের স্বনামধন্য প্রকাশনা সংস্থা 'নেলসন থর্নস' এর এশিয়া অঞ্চলের ম্যানেজার ডোমেনিক লাইট। সম্প্রতি সাংবাদিকদের সঙ্গে এক মতবিনিময় সভায় আহছানিয়া মিশন কর্তৃপক্ষ এসব তথ্য জানিয়েছেন।

মতবিনিময় অনুষ্ঠানে জানানো হয় ধানমন্ডিতে আহছানিয়া মিশন বুক ডিস্ট্রিবিউশন সেন্টার শীতাতপ নিয়ন্ত্রিত 'বই বাজার' থেকে একই জায়গায় দাঁড়িয়ে সাড়ে তিনশ'র বেশি দেশী এবং একশটি বিদেশী প্রকাশনার প্রায় সাড়ে পঁচিশ হাজার বই থেকে পছন্দমতো বই কেনার সুযোগ রয়েছে। এই বুক শপে যে কোন বইয়ের বিস্তারিত তথ্য ছাড়াও বিভিন্ন প্রকাশনা সংস্থার ঠিকানা যোগাযোগ করার সুযোগ রয়েছে।